

## Model Activity Task 2022 January

### Class 6 | Science | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২ | জানুয়ারী

ষষ্ঠ শ্রেণী | পরিবেশ ও বিজ্ঞান | পার্ট -১ |

পূর্ণমান- ২০

#### ১. শূন্যস্থান পূরণ করো :

১.১ সিল্কোনা গাছের ছাল থেকে **কুইনাইন** পাওয়া যায়।

১.২ সবুজ উদ্ভিদ খাবার তৈরি করার সময় পরিবেশে **অক্সিজেন** গ্যাস ত্যাগ করে।

১.৩ পাঁড়রুটি তৈরি করতে লাগে এককোশী ছত্রাক **ইস্ট**।

#### ২. সংক্ষিপ্ত উত্তর দাও :

২.১ সিল্ক কোথা থেকে পাওয়া যায়?

উত্তর: সিল্ক পাওয়া যায় রেশম কীটের গুটি থেকে

২.২ পরাগমিলনে সাহায্য করে এমন একটি প্রাণীর নাম উল্লেখ করো।

উত্তর: পরাগমিলন এর সাহায্য করে এমন একটি প্রাণী হল মৌমাছি।

২.৩ মানুষের দেহে বাস করে এমন একটি পরজীবীর নাম লেখো।

উত্তর: মানুষের দেহে বাস করে এমন একটি পরজীবী হলো উকুন।

#### ৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ জামাকাপড়ের জন্য মানুষ কীভাবে উদ্ভিদের ওপর নির্ভর করে?

উত্তর: জামাকাপড় তৈরি করার জন্য মানুষ গাছের উপর অনেকাংশেই নির্ভর করে। কার্পাস ও শিমুল তুলো, পাট, নারকেলের ছোবড়া, পদ্ম দাঁটির আঁশ - ইত্যাদি গাছের বিভিন্ন অংশ থেকে তন্তু তৈরি হয়। নানা রকমের পোশাক, গরম কাপড়, ব্যাগ, বস্তা, শাল ইত্যাদি সেসব তন্তু দিয়ে তৈরি হয়।

৩.২ "প্রাণীরা উদ্ভিদের ওপর নির্ভর করে" - দুটি উদাহরণের সাহায্যে ব্যাখ্যা করো।

উত্তরঃ

- (১) প্রাণীদের বেঁচে থাকার জন্য অত্যন্ত প্রয়োজনীয় অক্সিজেন উদ্ভিদের কাছ থেকেই পায়।
- (২) চাল, ডাল সয়াবিন, নানারকমের ফল শাক সবজি, গাছের পাতা ইত্যাদি খাদ্য প্রাণীরা উদ্ভিদের কাছ থেকেই পেয়ে থাকে।

### ৩.৩ মানুষ খাবারের জন্য কীভাবে প্রাণীদের ওপর নির্ভর করে?

উত্তরঃ মানুষ তাদের খাবারের জন্য নানা প্রাণীর উপর প্রচলিত ভাবে নির্ভর করে।

- ক) হাঁস, মুরগী, কোয়েল, উট পাখির ডিম মানুষ খাদ্য হিসাবে গ্রহন করে।
- খ) মুরগী, হাঁস, ছাগল, ভেড়া ইত্যাদি প্রাণী মাংসের যোগান দেয়।
- গ) মৌমাছির কাছ থেকে মানুষ মধু পেয়ে থাকে।
- ঘ) গোরু, মোষ, ভেড়া ছাগলের থেকে আমরা নানা দুগ্ধজাত দ্রব্য পাই

### ৩.৪ বর্তমানে চাষের কাজে কেন নানারকম যন্ত্রপাতি প্রাণীদের জায়গা নিচ্ছে?

উত্তরঃ বর্তমানে চাষের কাজে পশুদের জায়গা নিচ্ছে নানারকম যন্ত্রপাতি। কারণ পশুদের তুলনায় যন্ত্রপাতির সাহায্যে অল্প সময়ে অনেক কাজ করা যায়। যন্ত্রপাতি সহজেই ব্যবহার করা যায় এবং অহেতুক নিষ্কৃত্যের প্রয়োজন হয় না। তাই চাষের কাজে বর্তমানে নানা রকম যন্ত্রপাতি প্রাণীদের জায়গা নিচ্ছে।

## ৪. তিন-চারটি বাক্যে উত্তর দাও :

### ৪.১ "উদ্ভিদরা প্রাণীদের ওপর নানাভাবে নির্ভর করে" - একটি উদাহরণের সাহায্যে বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো।

উত্তরঃ উদ্ভিদরা প্রাণীদের উপর যে ভাবে নির্ভর করে তা হল-

- (১) গাছের পরাগমিলন এ মৌমাছি, প্রজাপতি প্রভৃতি পতঙ্গ এবং হামিং বার্ড এর মত পাখিরা কুকুর, বাদুর ও মানুষেরা সাহায্য করে যার ফলে নতুন উদ্ভিদ সৃষ্টি হয়।
- (২) প্রাণীদের ত্যাগ করা বর্জ্য পদার্থ, কেঁচোর খোঁড়া মাটি ইত্যাদির ফলে মাটি উর্বর হয়ে ওঠে যা গাছের জন্য পুষ্টিকর।

### ৪.২ "ধানখেতে অ্যাজোলা চাষ করলে আর সার দিতে লাগে না" - ব্যাখ্যা করো।

উত্তরঃ আসলে অ্যাজোলা হল এক ধরনের পানা। অ্যাজোলার পাতার মধ্যে এক ধরনের বিশেষ ব্যাকটেরিয়া মিথোজীবিতায় অবস্থান করে। এই ব্যাকটেরিয়া বাতাসের নাইট্রোজেন গ্যাসকে আবদ্ধ করে। নাইট্রোজেন উদ্ভিদের জন্য পুষ্টিকর উপাদান। তাই ধান ক্ষেতে অ্যাজোলা চাষ করলে মাটিতে নাইট্রোজেনের মাত্রা বৃদ্ধি পায় এবং সার দেওয়ার প্রয়োজন হয় না।